# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১৭৫

২৭/ আদব

পরিচ্ছেদঃ স্বপ্ন ও তার আনুষঙ্গিক বিবরণ

আরবী

وَعَنْ أَبي سَعِيدٍ الخُدرِيِّ أنَّه سَمِعَ النَّبيَّ ﷺ يَقُولُ إِذَا رَأَى أَحَدُكُمْ رُؤيَا يُحِبُّهَا فَإِنَّمَا هِيَ مِنَ اللهِ تعَالَى فَلْيَحْمَدِ اللهَ عَلَيْهَا وَلْيُحَدِّثْ بِهَا ـ وَفي رِوَايَةٍ : فَلاَ يُحَدِّثْ بِهَا إلاَّ مَنْ يُحِبُّ ـ وَإِذَا رَأَى غَيْرَ ذَلِكَ مِمَّا يَكْرَهُ فإنَّمَا هِيَ مِنَ الشَّيْطَانِ فَلْيَسْتَعِذْ مِنْ شَرِّهَا وَلاَ يَذْكُرْهَا لأَحَدٍ فَإنَّهَا لا تَضُرُّهُ

বাংলা

(৩১৭৫) আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন যে, যখন তোমাদের মধ্যে কোন ব্যক্তি এমন স্বপ্ন দর্শন করে যা তার কাছে প্রীতিকর, তখন তা নিঃসন্দেহে মহান আল্লাহর পক্ষ থেকে (দেখানো) হয়। সুতরাং সে যেন তার জন্য আল্লাহর প্রশংসা করে এবং সে তা (স্বপ্ন) ব্যক্ত করে। অন্য বর্ণনায় আছে যে, সে যেন তা তার প্রিয়জন ছাড়া অন্য কারো কাছে ব্যক্ত না করে। আর যখন তাছাড়া কোন অপ্রীতিকর স্বপ্ন দর্শন করে, তখন তা নিঃসন্দেহে শয়তানের পক্ষ থেকে (দেখানো) হয়। সুতরাং সে যেন তার অনিষ্ট থেকে (আল্লাহর নিকট) আশ্রয় প্রার্থনা করে এবং কাউকে তা ব্যক্ত না করে। কেননা, (তাহলে) তা তার কোন ক্ষতি করতে পারবে না।

ফুটনোট

(আহমাদ ১১০৫৪, বুখারী ৬৯৮৫, ৭০৪৫, মুসলিম)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66923

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন